# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

## ভালো কাজ কর

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আল্লাহ (আযযা ওয়া জাল্লা) বলেনঃ আউযু বিল্লাহি মিনাশ শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

"ওয়াফ'আলুল খাইরা লা'আল্লাকুম তুফলিহুন" (সুরাহ হাজ্জঃ৭৭)। তুমি যদি চাও তোমার শেষ ভালো হোক, ভালো কাজ কর, ভালো কর। শুধু এভাবেই তোমার শেষ ভালো হতে পারে। নতুবা খারাপ কাজ করে তুমি কিছুই অর্জন করতে পারবে না।

যদি তুমি চাও, পুরো পৃথিবী তোমার হাতে থাকতে পারে, কিন্তু তুমি কিছুই লাভ করবে না যদি তুমি ভালো কাজ না কর। ধর, পুরো পৃথিবীটাই তোমার, মানুষ বলবে, "এই ব্যক্তি পৃথিবীর সবচেয়ে ধনী মানুষ", এবং সেখানেই তা শেষ হবে। তার কোন লাভই হবে না যদি সে আখিরাতে কিছু না পাঠায়, যদি সে ভালো কাজ না করে। অতএব, সে যা খেয়েছে, পান করেছে, পৃথিবীতে ঘুরেছে, দেখেছে, তার সবই নিরর্থক হবে।

শুধু যারা ভালো করে তাদেরই শেষ ভালো হবে, শুধু সেই মানুষেরাই জয়ী হবে। বেশির ভাগ মানুষই এটা জানে না। যাদের অনেক টাকা আছে অথবা যাদেরকে আল্লাহ (জাঃজাঃ) অনেক সম্পদ দিয়েছেন, তারা বেশিরভাগ সময়ই ভাবে এই সম্পদ নিজেদের কারণেই তারা পেয়েছে। যেমন কারুন বলত, "আমাদের বুদ্ধির কারণে আমি এইসব পেয়েছি।" আল্লাহ কারুনকে মাটির নীচে ডুবিয়ে দেন এবং এখনও সে ডুবছে। সে নিজেরও উপকার করতে পারেনি এবং তার আশেপাশের মানুষেরাও নষ্ট হয়েছে।

তাই আমাদের ভালো কাজ করতে হবে, ভালো করতে হবে। অনেক ধরণের ভালো আছে। রাস্তায় ময়লা না ফেলাও একটি ভালো কাজ, ময়লা জিনিস সরানো এবং রাস্তা পরিষ্কার করাও একটি ভালো কাজ, উপদেশ গ্রহণ করাও একটি ভালো কাজ। অনেক ভালো কাজ আছে। গুরুত্বপূর্ণ হচ্ছে সেগুলো করা। আল্লাহ আমাদের সাফল্য দিন ভালো কাজ করায়, এই জুম'আর দিনের ওয়াসিলায়।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৩০ সেপ্টেম্বার ২০১৬/২৮ যুলহিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।